গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: “ঢাকা জেলার দোহার উপজেলাধীন মাঝিরচর থেকে নারিশাবাজার হয়ে মোকসেদপুর পর্যন্ত পদ্মা নদী ড্রেজিং ও বাম তীর সংরক্ষণ” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৫-০৫-২০২১।
সভার সময়	বেলা ১২.১০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-সচিব (উন্নয়ন-২), পাসম পাসম জানান যে, ১৪৮৩২৫.৫৩ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ জুন, ২০২২ পর্যন্ত। মে, ২০২১ পর্যন্ত প্রকল্প কাজের বাস্তব অগ্রগতি ২০.৮৪% এবং আর্থিক অগ্রগতি ১৬.০৪%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে

প্রকল্পের বর্তমান অবস্থা ও অগ্রগতি এবং আইডব্লিউএম কর্তৃক সম্পাদিত মডেল স্টাডির ফলাফল নিয়ে আলোচনা	প্রকল্প পরিচালক জানান যে, মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় ৬.০০ কিঃমিঃ নদীতীর প্রতিরক্ষামূলক কাজের মধ্যে ৩.৫০ কিমিঃ অংশে সিসি ব্লক দ্বারা স্থায়ী প্রতিরক্ষা কাজ এবং অবশিষ্ট ২.৫০ কিঃমিঃ অংশে জিও ব্যাগ ডাম্পিং এর মাধ্যমে অস্থায়ী প্রতিরক্ষা কাজ সম্পন্ন করা হয়েছে। ড্রেজিং কাজের এলাইনমেন্ট ও দৈর্ঘ্য নির্ধারণের লক্ষ্যে আইডব্লিউএম কর্তৃক মডেল স্টাডি সম্পন্ন করা হয়েছে। মডেল স্ট্যাডির সুপারিশ সমূহ নিম্নরূপঃ • ড্রেজিং কাজের দৈর্ঘ্য = ১২.২০ কিমি • স্থায়ী নদীতীর প্রতিরক্ষা কাজ (মাঝিরচর থেকে মোকসেদপুর) = ৬.০০ কিমি (মূল ডিপিপিভূক্ত) • অতিরিক্ত স্থায়ীনদীতীর প্রতিরক্ষা কাজ (মোকসেদপুর থেকে শাইনপুকুর) = ৩.৩০ কিমি (প্রস্তাবিত) • প্রিকশনারীনদীতীর প্রতিরক্ষা কাজ [ধুলশুরা থেকে আওরাঙ্গাবাদ ৪.৫০ কিমি এবং ব্রাহাবাজার থেকে মাঝিরচর ১০.২০ কিমি] = ১৪.৭০ কিমি (প্রস্তাবিত) স্টাডির ফলাফল অনুযায়ী নদীতীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন করা হলে মূল ডিপিপিতে অন্তর্ভূক্ত স্পারগুলি বাস্তবায়নের প্রয়োজন নেই। প্রকল্প পরিচালক আরো জানান যে, মডেল স্টাডির ফলাফল অনুযায়ী ১২.২০ কিমি ড্রেজিং ও মাঝিরচর থেকে মোকসেদপুর পর্যন্ত ৬.০০ কিমি নদীতীর সংরক্ষণ কাজ প্রকল্পের ডিপিপির ব্যয় থেকে বাস্তবায়ন করা হবে। তবে প্রস্তাবিত ৩.৩০ কিমি স্থায়ী এবং ১৪.৭০ কিমি প্রিকশনারীনদীতীর প্রতিরক্ষা কাজের জন্য ৩৭০১৪.২৭ লক্ষ টাকা ডিপিপি ব্যয় বৃদ্ধি পাবে। ফলে প্রকল্পটির আরডিপিপি প্রণয়ন করা প্রয়োজন। বিষয়টি তিনি অনুমোদনের জন্য অনুরোধ জানান। সভাপতি জানান, প্রস্তাবিত তীর প্রতিরক্ষা কাজটি জনস্বার্থে বাস্তবায়ন করা প্রয়োজন। তবে ড্রেজিং এবং প্রস্তবিত নদীতীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন করা হলে এর ফলে পদ্মা নদীর ডানতীরে কি ধরণের প্রভাব পড়বে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ক) মডেল স্টাডির ফলাফল অনুযায়ী ড্রেজিং কাজ শুষ্ক মৌসুমে বাস্তবায়নের জন্য দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) চলমান ৬.০০ কিমি স্থায়ী নদীতীর প্রতিরক্ষা কাজ দ্রুত শেষ করতে হবে। গ) প্রস্তাবিত ৩.৩০ কিমি স্থায়ী এবং ১৪.৭০ কিমি প্রিকশনারীনদীতীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের লক্ষ্যে ৩৭০১৪.২৭ লক্ষ টাকা ডিপিপি ব্যয় বৃদ্ধি পাওয়ায় আগামী ১ মাসের মধ্যে আরডিপিপি প্রণয়ন করতে হবে। ঘ) ড্রেজিং এবং প্রস্তবিত নদীতীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন করার ফলে পদ্মা নদীর ডানতীরে কি ধরণের প্রভাব পড়বে সে বিষয়ে পুনরায় পৃথক স্টাডি করতে হবে।	বাপাউবো প্রকল্প পরিচালক ও ২৫ ইসিবি, বাংলাদেশ সেনাবাহিনী বাপাউবো প্রকল্প পরিচালক ও ২৫ ইসিবি, বাংলাদেশ সেনাবাহিনী বাপাউবো প্রকল্প পরিচালক ও যুগ্ম প্রধান, পাসম বাপাউবো প্রকল্প পরিচালক

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০৩১.১৮-২২০

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮
০৮ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।

২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্ম-সচিব, সেচ উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১১) যুগ্মসচিব (বাজেট ও অডিট), (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১৩) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৪) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৫) প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "ঢাকা জেলার দোহার উপজেলাধীন মাঝিরচর থেকে নারিশাবাজার হয়ে মোকসেদপুর পর্যন্ত নদী ড্রেজিং ও বাম তীর সংরক্ষণ" শীর্ষক প্রকল্প, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।

১৬) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৮) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৯) প্রকল্প পরিচালক (বাংলাদেশ সেনাবাহিনী), "ঢাকা জেলার দোহার উপজেলাধীন মাঝিরচর থেকে নারিশাবাজার হয়ে মোকসেদপুর পর্যন্ত নদী ড্রেজিং ও বাম তীর সংরক্ষণ" শীর্ষক প্রকল্প, ২৫ ইসিবি, মিরপুর আর্মি ক্যাম্প, ঢাকা।

২০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

২১) নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।

২২) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব